# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**Bangladesh Rural Electrification Board**

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়
বাপবিবো, ঢাকা (উত্তর)
নবীনগর, সাভার, ঢাকা।
ই-মেইলঃ xenbrebdhaka@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.০৪৭.০৩১.০০০.২৬- ৪২০

৮ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ ঃ ২১ এপ্রিল, ২০২৬ খ্রিঃ।

## নিলাম বিজ্ঞপ্তি

নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, ঢাকা (উত্তর) এর আওতায় ব্যবহার অযোগ্য মালামালসমূহ "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ যোগাযোগের ঠিকানা ও সচল মোবাইল নম্বর সম্বলিত সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ব্যবহার অযোগ্য মালামালের বিবরন/ নাম | ব্যবহার অযোগ্য মালামালের পরিমান (টি) | একক মুল্য (টাকা) | মোট মুল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | সিলিং ফ্যান | ১২৯ | | |
| ২ | কম্পিউটার সিপিইউ | ৩ | | |
| ৩ | কম্পিউটার মনিটর | ৫ | | |
| ৪ | কম্পিউটার ইউপিএস | ১৩ | | |
| ৫ | স্ক্যানার | ২ | | |
| ৬ | কম্পিউটার প্রিন্টার (মিডিয়াম) | ৭ | | |
| ৭ | টেলিফোন সেট | ৩ | | |
| ৮ | ওয়াটার ফিল্টার | ১ | | |
| ৯ | ফুল সেক্রেটারীয়েট টেবিল | ২ | | |
| ১০ | হাফ সেক্রেটারীয়েট টেবিল | ৪ | | |
| ১১ | কাঠের/কেইন/লাইলন চেয়ার | ১২ | | |
| ১২ | ইলেকট্রিক কেঠলি | ১ | | |
| | | | সর্বমোট মুল্য (টাকা)= | |

**শর্তাবলীঃ**

১। নিলাম দরপত্রসমূহ আগামী ০৫/০৫/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ঢাকা জোন (উত্তর), পলাশবাড়ী , সাভার, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ ০৫/০৫/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ ঘটিকায় সময় উল্লিখিত স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন অবস্থাতেই কোন দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস যোগে কোন নিলাম দরপত্র গ্রহন করা হবে না।

২। নিলাম দরপত্রে উদ্ধৃত একক মুল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মুল্য ও উদ্ধৃত মোট মুল্যের মধ্যে কোন গাণিতিক ভূল থাকলে দাখিলকৃত একক মুল্যের ভিত্তিতে মোট দর বিবেচনা করা হবে। নিলাম দরদাতাকে সকল আইটেমের দর দাখিল করতে হবে। কোন আইটেমের দর দাখিল না করা হলে দরপত্র গ্রহনযোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৩। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে " ব্যবহার অযোগ্য মালামাল সমূহের নিলাম দরপত্র" কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা করা যাবে না এবং দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় ব্যক্তির ক্ষেত্রে স্বাক্ষর এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে দরদাতা/দরদাতার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে।

৪। দর দাখিলকারী ব্যক্তির ক্ষেত্রে এনআইডি এর ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকের কপি দাখিল করতে হবে। বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত ফরমসমূহ পুরণ করে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।

Scanned with CamScanner

৫। নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে "বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা " এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

৬। যার দরপত্র সর্বতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হবে সেই প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য পে-অর্ডার (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামালসমূহ গ্রহন করতে হবে। অন্যথায়, জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী আয়কর ভ্যাট ও আয়কর সহ সময়দয় অর্থ জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

৭। ব্যবহার অযোগ্য মালামালসমূহ ০৪/০৫/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, ঢাকা (উত্তর) এ উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করা যাবে।

৮। উল্লিখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে ডিসপোজাল/নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, ঢাকা (উত্তর) কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০। জরুরী প্রয়োজনে অত্র কার্যালয়ের সহকারী প্রকৌশলী জনাব রিপন সাহা, মোবাইল নং- ০১৭২৪৩২০৫৮৫ এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১১। আগ্রহী নিলাম দরদাতাগন নিলাম বিজ্ঞপ্তিটি আরইবি, অত্র কার্যালয়, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১/৩, মানিকগঞ্জ পবিস এর ওয়েব সাইট www.reb.gov.bd, www.rebnorth.dhaka.gov.bd, www.pbs1.dhaka.gov.bd, www.pbs3.dhaka.gov.bd www.pbs.manikganj.gov.bd এ দেখতে পারবেন।

21/04/26

(মোঃ নুরন্নবী)
নির্বাহী প্রকৌশলী (এসওডি)
ও
আহবায়ক, ডিসপোজাল/ নিলাম কমিটি

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি), বাপবিবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর), বাপবিবো, সাভার, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৫। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, ঢাকা।
৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ঢাকা পবিস-১/৩/ মানিকগঞ্জ পবিস।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা।
৮। একান্ত সচিব, সদস্য (বিতরন ও পরিচালন), বাপবিবো, ঢাকা।
৯। সহকারী প্রকৌশলী, ঢাকা (উত্তর), বাপবিবো, সাভার, ঢাকা [নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্থা নিবেন]।
১০। এজিএম (আইটি)/এইচআর, ঢাকা পবিস-১/৩/ মানিকগঞ্জ পবিস [ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]।

(মোঃ নুরন্নবী)
নির্বাহী প্রকৌশলী(এসওডি)

Scanned with CamScanner

# নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়
## বাপবিবো, ঢাকা (উত্তর)
আরইবি রোড, টিটিসি ভবন (৩য় তলা), সাভার, ঢাকা।

**দরপত্রের সাথে সংযুক্ত আর্নেস্ট মানি এর বিবরণ**

| |
|---|
| পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত |

আর্নেস্ট মানির পরিমানঃ ..................কথায়ঃ...........................

পে-অর্ডার নম্বরঃ ...................... তারিখঃ........................

ব্যাংকের নাম/শাখার নাম/ঠিকানাঃ ........................................

......................
দরদাতার স্বাক্ষর

....................
মোবাইল নম্বর

Scanned with CamScanner

নির্বাহী প্রকৌশলী (এসওডি)
বাপবিবো, ঢাকা (উত্তর)
পলাশবাড়ি, সাভার, ঢাকা-১৩৪৪ ।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাইপূর্বক আপনার কার্যালয়ের আওতাধীন ব্যবহার অযোগ্য মালামালসমূহের জন্য মোট ........................(কথায়)................ ............................................................ টাকায় সরবরাহ গ্রহণ করার প্রস্তাব করছি।

২। আমার/ আমাদের দরপত্র গৃহীত হলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমার মধ্যে মালামাল সরবরাহ গ্রহণ করতে বাধ্য থাকব।

৩। আপনার প্রদত্ত কার্যাদেশটি নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, ঢাকা (উত্তর) এবং আমাদের মধ্যকার চুক্তি হিসাবে গণ্য হবে।

৪। আমি/আমরা জ্ঞাত আছি যে, আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নন।

................................
দরদাতার স্বাক্ষর ও তারিখ
নাম ................................
পদবী ................................
পূর্ন ঠিকানা ......................................................................................
..........................................................................................
.........................................................................................
মোবাইল নম্বরঃ ..................................................

দরদাতার প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে )...................................

Scanned with CamScanner

# মালামাল ও মূল্য তালিকাঃ

| ক্র: নং | ব্যবহার অযোগ্য মালামালের বিবরন/ নাম | ব্যবহার অযোগ্য মালামালের পরিমান (টি) | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | সিলিং ফ্যান | ১২৯ | | |
| ২ | কম্পিউটার সিপিইউ | ৩ | | |
| ৩ | কম্পিউটার মনিটর | ৫ | | |
| ৪ | কম্পিউটার ইউপিএস | ১৩ | | |
| ৫ | স্ক্যানার | ২ | | |
| ৬ | কম্পিউটার প্রিন্টার (মিডিয়াম) | ৭ | | |
| ৭ | টেলিফোন সেট | ৩ | | |
| ৮ | ওয়াটার ফিল্টার | ১ | | |
| ৯ | ফুল সেক্রেটারীয়েট টেবিল | ২ | | |
| ১০ | হাফ সেক্রেটারীয়েট টেবিল | ৪ | | |
| ১১ | কাঠের/কেইন/লাইলন চেয়ার | ১২ | | |
| ১২ | ইলেকট্রিক কেঠলি | ১ | | |
| | | | সর্বমোট মূল্য (টাকা)= | |

Scanned with CamScanner

## সরবরাহ গ্রহণের সময়সীমার তালিকাঃ

| ক্র:নং | বিবরণ | পরিমাণ | সরবরাহ গ্রহণের সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হতে মালামাল সরবরাহ করা হবে। |
|---|---|---|---|---|---|
| ১। | নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, ঢাকা (উত্তর) এর আওতাধীন ব্যবহার অযোগ্য মালামালসমূহ | (মালামাল ও মূল্য তালিকায় উল্লেখিত) | ০৭ (সাত) দিন | | নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়,বাপবিবো, ঢাকা (উত্তর) ,সাভার , ঢাকা-১৩৪৪। |

Scanned with CamScanner